

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৯৫

করবুক, ১৩ জুন, ২০২৪

**এমজিএন রেগায় করবুক ব্লকে ৫০,৫৫২ শ্রমদিবস সৃষ্টি**

করবুক ব্লকে এমজিএন রেগায় চলতি অর্থবছরে এখন পর্যন্ত ৫০ হাজার ৫৫২ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এই কর্মসূচিতে ব্লকের ২২টি এডিসি ভিলেজে ইট সলিং রাস্তা নির্মাণ, নতুন গ্রামীণ রাস্তা তৈরী, পুরাতন পুকুর সংস্কারের মতো কর্মসূচি রূপায়িত হয়েছে। ব্লকে এই কর্মসূচি রূপায়ণে ১,৭৮৭টি পরিবার কাজ পেয়েছে। গড়ে কাজ হয়েছে ২৮.২৯ শ্রমদিবসের। তাছাড়াও এমজিএন রেগায় ব্লকে সুবিধাভোগীদের রাবার বাগান ও সুপারি বাগান গড়ে তুলতে সহায়তা দেওয়া হয়েছে। করবুক সমষ্টি উন্নয়ন কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*